

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ১০৯

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় ‘অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر – الفصل الثاني

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: « سِتَّةٌ لَعَنْتُهُمْ وَلَعَنَهُمُ اللَّهُ وَكُلُّ نَبِيٍّ يُجَابُ: الزَّائِدُ فِي كِتَابِ اللَّهِ وَالْمُكَذِّبُ بِقَدْرِ اللَّهِ وَالْمُتَسَلِّطُ بِالْجَبَرُوتِ لِيُعْزَّ مَنْ أَدَّلَهُ اللَّهُ وَيُذِلَّ مَنْ أَعَزَّهُ اللَّهُ وَالْمُسْتَحِلُّ لِحَرَمِ اللَّهِ وَالْمُسْتَحِلُّ مِنْ عِثْرَتِي مَا حَرَّمَ اللَّهُ وَالتَّارِكُ لِسُنَّتِي ». رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي الْمُدْخَلِ وَرَزِين فِي كِتَابِهِ

বাংলা

১০৯-[৩১] ‘আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ছয় রকম মানুষের প্রতি আমি লা’নাত (অভিশাপ) করি এবং আল্লাহ তা’আলাও তাদের প্রতি অভিশপ্ত করেছেন। আর প্রত্যেক নবীর দু’আই কবুল হয়ে থাকে। (১) যারা আল্লাহর কিতাবের মধ্যে সংযোজন; (২) যে ব্যক্তি তাকদীরকে মিথ্যা প্রতিপন্ন করে; (৩) যে ব্যক্তি এ উদ্দেশ্যে জোর-জবরে ক্ষমতা দখল করে, আল্লাহ যাদেরকে অপমানিত লাঞ্ছিত করেছেন (কাফির-মুশরিক-ফাসিক) তাদের যেন সে মর্যাদা দান করতে পারে এবং আল্লাহ যাকে সম্মানিত করেছেন (মু’মিন দীনদার) তাদের যেন অপমানিত ও লাঞ্ছিত করতে পারে; (৪) যে ব্যক্তি আল্লাহর হারামে (মক্কায়ে) এমন সীমালঙ্ঘন করে, যা আল্লাহ নিষিদ্ধ করে দিয়েছেন; (৫) যে ব্যক্তি আমার আহলে বায়ত-এর (অসম্মান করা এবং তাদের কষ্ট দেয়া) আল্লাহ যা হারাম করেছেন তা হালাল মনে করে এবং (৬) যে ব্যক্তি আমার সুন্নাহ (নিয়ম-কানুন) পরিত্যাগ করে। (ইমাম বায়হাকী’র “মাদখাল” গ্রন্থে ও রযীন তাঁর স্বীয় গ্রন্থে বর্ণনা করেছেন)[১]

English

Chapter: Belief in the Divine Decree - Section 2

‘A’isha reported that God’s messenger said, “There are six whom I have cursed, whom I pray that God may curse, and every prophet’s prayer is answered:

He who makes additions to God’s Book, he who declares God’s decree to be false, he who rules proudly to exalt him whom God has humbled and humble

him whom God has exalted, he who profanes God's sacred area, he who considers he may do to my family what God has declared forbidden, and he who abandons my sunna."

Baihaqi transmitted it in the introduction and Razin in his book.

ফুটনোট

[1] যঈফ : তিরমিযী ২০৮০, যঈফুল জামি' ৩২৪৮, হাকিম ১/৩৬। কারণ হাদীসটি মুরসাল সূত্রে বর্ণিত।

লেখকের শেষের কথা ধারণা দেয় যে, হাদীসটি ইমাম বায়হাকী ও রযীন-এর চেয়ে প্রসিদ্ধ, উচ্চ মর্যাদাসম্পন্ন কেউ রিওয়ায়ত করেননি। কিন্তু এটি ভুল ধারণা। কারণ হাদীসটি ইমাম তিরমিযী জামি' আত্ তিরমিযীর ২/২২, ২৩ পৃঃ রুদ্র (কদর) অধ্যায়ে, ইমাম ত্ববারনী তার “আল মু'জামুল কাবীর” গ্রন্থের ১/২৯১ পৃঃ এবং ইমাম হাকিম ১/৩৬ পৃঃ বর্ণনা করেছেন। ইমাম হাকিম (রহঃ) একে দোষমুক্ত সহীহ হাদীস হিসেবে আখ্যায়িত করেছেন আর ইমাম যাহাবী তার এ মতকে সমর্থন করেছেন। তবে ইমাম তিরমিযী এর মুরসাল হওয়াকে অধিক সঠিক বলেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অবজ্ঞাবশত রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সুন্নাত থেকে মুখ ফিরিয়ে নিলে সে কাফির হয়ে যাবে এবং সে অভিশপ্ত। আর অবজ্ঞা করে নয় বরং অলসতাবশত যদি কেউ তা করে তাহলে সে পাপী হবে কাঠিন্য অর্থে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=54668>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন